

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৯৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - সিজদা্ ও তার মর্যাদা

بَابُ الْسُّجُوْدِ وَفَصْلِه

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: فَقَدْتُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً مِنَ الْفِرَاشِ فَالْتَمَسْتُهُ فَوَقَعَتْ يَدِي عَلَى بَطْنِ قَدَمَيْهِ وَهُوَ فِي الْمَسْجِدِ وَهُمَا مَنْصُوبَتَانِ وَهُوَ لَيْوَاشِ فَالْتَمَسْتُهُ فَوَقَعَتْ يَدِي عَلَى بَطْنِ قَدَمَيْهِ وَهُو فِي الْمَسْجِدِ وَهُمَا مَنْصُوبَتَانِ وَهُو يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخْطِكَ وَبِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ وَأَعُوذُ بِكَ مِنْكَ لَا أَعُودُ بِكَ مِنْكَ لَا أَحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا أَثْنَيْتَ عَلَى نَفسك» . رَوَاهُ مُسلم

বাংলা

৮৯৩-[৭] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে আমার বিছানায় পেলাম না। আমি তাঁকে খুঁজতে লাগলাম। খুঁজতে খুঁজতে আমার হাত রস্লের পায়ের উপর গিয়ে পড়ল। আমি দেখলাম, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) সালাতরত। তাঁর পা দু'টি খাড়া হয়ে আছে। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলছেনঃ ''আল্লা-হুম্মা আ'উযু বিরিষা-কা মিন সাখাত্বিকা ওয়া বিমু'আ-ফা-তিকা মিন 'উকুবাতিকা, ওয়া আ'উযুবিকা মিনকা লা- উহসী সানা-আন 'আলায়কা, আনতা কামা- আসনায়তা 'আলা-নাফসিকা''- (অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার সম্ভুষ্টি অর্জনের মাধ্যমে তোমার অসন্ভোষ ও গযব থেকে পানাহ চাই। তোমার ক্ষমার দ্বারা তোমার 'আযাব হতে মুক্তি চাই। তোমার কাছে তোমার রহমতের ওয়াসীলায় আশ্রয় চাই। আমি তোমার প্রশংসা করেছো।)। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৪৮৬, ইবনু মাজাহ্ ৩৮৪১, আহমাদ ২৫৬৫৬, নাসায়ী ১১০০।

ব্যাখ্যা



ব্যাখ্যা: হাদীসটি দলীল হিসেবে প্রমাণ করে মহিলাকে স্পর্শ করলে উযূ ভঙ্গ হয় না। এটা তাদের জবাব যারা দাবী করে মহিলাকে স্পর্শ করলেই উযূ (ওযু/ওজু/অজু) ভেঙ্গে যায়।

উল্লিখিত হাদীস সাধারণভাবে প্রমাণ করে স্পর্শ করলে উযূ ভাঙ্গে না। এটাই প্রাধান্য মত।

'আল্লামা সুয়ৃত্বী হাদীসের শেষাংশের ব্যাখ্যায় বলেনঃ আমি তার শেষ সীমা পর্যন্ত যেতে পারবো না এবং তার জানাকে বেষ্টন করতে পারবো না। যেমন শাফা'আতে হাদীসে এসেছে-

'আমি তার প্রশংসা করছি যার পরিমাণ

আমি তা ব্যক্ত করতে সক্ষম না।"

মালিক হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি তোমার নি'আমাত ও ইহসানের গণনা করে শেষ করতে পারবো না এবং সে নি'আমাতের জন্য তোমার প্রশংসা করারও সাধ্য রাখি না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন